

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৯৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৭৯]

৫. কিতাবুল গোসল (كتاب الغسل)

পরিচ্ছেদঃ নির্জনে অথবা দেয়ালে ঘেরা স্থানে একাকী উলঙ্গ হয়ে গোসল করা

باب مَنِ اغْتَسَلَ عُرْيَانًا وَحْدَهُ فِي الْخَلْوَةِ، وَمَنْ تَسَتَّرَ فَالتَّسَتُّرُ أَفْضَلُ

আরবী

الله وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ قَالَ بَيْنَا أَيُّوبُ يَغْتَسِلُ عُرْيَانًا، فَخَرَّ عَلَيْهِ جَرَادٌ مِنْ ذَهَبٍ، فَجَعَلَ أَيُّوبُ يَحْتَثِي فِي ثَوْبِهِ، فَنَادَاهُ رَبُّهُ: يَا أَيُّوبُ، أَلَمْ أَكُنْ أَغْنَيْتُكَ عَمَّا تَرَى؟ قَالَ: بَلَى وَعِزَّتِكَ، وَلَكِنْ لا غِنَى بِي عَنْ بَرَكَتِكَ. (بخارى: الله قَعْزَتِكَ، وَلَكِنْ لا غِنَى بِي عَنْ بَرَكَتِكَ. (بخارى: الله

বাংলা

১৯৬) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ একদা আইয়ুবে (আঃ) উলঙ্গ হয়ে গোসল করছিলেন। এমন সময় স্বর্ণের কিছু পঙ্গপাল (বড় আকারের ফড়িং বিশেষ) উড়ে এসে তাঁর উপর পড়তে লাগল। তিনি সেগুলো ধরে কাপড়ে ভরতে লাগলেন। আল্লাহ তা'আলা তখন আইয়ুবকে ডেকে বললেনঃ হে আইয়ুব! আমি কি তোমাকে এ সমস্ত বস্তু থেকে অমূখাপেক্ষী করিনি? উত্তরে আইয়ুব (আঃ) বললেনঃ হ্যাঁ, আপনার সম্মানের শপথ! কিন্তু আমি আপনার বরকত থেকে কখনই অমুক্ষাপেক্ষী নই।

টিকাঃ উপরোক্ত হাদীছ দু'টিতে দেয়ালে ঘেরা ও নির্জন স্থানে উলঙ্গ হয়ে গোসল করার বৈধতা প্রমাণিত হয়। কোন কোন আলেম বৈধ হলেও উত্তমের খোলাফ বলেছেন। তারা এই হাদীছ দু'টিকে নিম্নলিখিতভাবে ব্যাখ্যা করেছেন। (১) উপরোক্ত অধ্যায়ে বর্ণিত হাদীছ দু'টিতে পূর্বের যামানার নবীদের এবং তাদের উম্মাতদের কথা বর্ণিত হয়েছে। (২) পরের অধ্যায়ের হাদীছ আমাদের নবী সাল্লাল্লাল্ল আলাইহি ওয়া সাল্লামএর সাথে সম্পৃক্ত এবং সেখান থেকে ইমাম বুখারী শিরোনামে যে বক্তব্য পেশ করেছেন তাই উদ্দেশ্য। অর্থাৎ পারত পক্ষে চার দেয়ালের বেষ্টনীতে নিজেকে আবদ্ধ করার পর লজ্জা স্থান থেকে কাপড় সরাতে পারে। তবে সুনানের কিতাবে বর্ণিত বিশুদ্ধ হাদীছ অনুযায়ী কাপড় রাখতে পারলে তা রাখাই ভাল। সুনানের কিতাবসমূহে রয়েছে, الله أَ الله الله الله الله الله (পর্দা) করার জন্য মানুষের চেয়ে আল্লাহই অধিক হকদার"। আবু বকর (রাঃ) বলতেনঃ তোমরা আল্লাহকে লজ্জা কর (আল্লাহর সামনে লজ্জা প্রদর্শন কর)। আমি স্বীয় প্রতিপালকের লজ্জায় মল ত্যাগ করার সময় মুখ ঢেকে রাখি। আবু মুসা আশআরী (রাঃ) অন্ধকার রাতে গোসল করার সময় আল্লাহর লজ্জায় পিঠ সোজা করতেন না। (ফতহুল বারী, (১/৫২)



English

Whosoever took a bath alone (in seclusion) completely naked

Narrated Abu Huraira:

The Prophet (ﷺ) said, "When the Prophet (ﷺ) Job (Aiyub) was taking a bath naked, golden locusts began to fall on him. Job started collecting them in his clothes. His Lord addressed him, 'O Job! Haven't I given you enough so that you are not in need of them.' Job replied, 'Yes!' By Your Honor (power)! But I cannot dispense with Your Blessings.' "

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

